অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘন্টায় রেকর্ড সংখ্যক 175,000 এর বেশি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে

আজ পর্যন্ত মোট 4 মিলিয়নের বেশি টিকা প্রদান করা হয়েছে

হোটেল কর্মীদের 1B অগ্রাধিকার গ্রুপের অধীনে যোগ্য জনসংখ্যায় যুক্ত করা যেতে পারে; স্থানীয় স্বাস্থ্য বিভাগ নির্ধারণ করে কিভাবে, কোথায়, কখন তাদের অধিক্ষেত্রের মধ্যে অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী করতে হবে

ব্রঙ্কসে টিকা বৈষম্য সম্পর্কিত আইন প্রণেতাদের একটি চিঠির পর, স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেলথের সাথে কাজ করবে যাতে অসমতা সাথে সাথে প্রতিহত করা যায়

আজ দুপুর 1টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি প্রথম ডোজের 91% প্রদান করেছে

রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘন্টার মধ্যে COVID-19 টিকার 179,038 ডোজ দেওয়া হয়েছে, যা রাষ্ট্রের জন্য একটি নতুন রেকর্ড। আজ দুপুর 1টা পর্যন্ত নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলো বিতরণ হওয়া প্রথম ডোজের 91 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 11 এর বরাদ্দ টিকাদানের জন্য সরবরাহকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে।

উপরন্তু, গভর্নর হোটেল কর্মীদের COVID-19 টিকার জন্য বর্ধিত যোগ্যতা ঘোষণা করেন। রাজ্যের অনেক অঞ্চলের হোটেল COVID ইতিবাচক ব্যক্তিদের পরিবার থেকে আলাদা করার জন্য কোয়ারান্টাইন এলাকা হিসেবে কাজ করে। এর ফলে, এই সব সুবিধার কর্মীদের নিয়মিত COVID এর সামনে উন্মুক্ত করা হচ্ছে। স্টেটের সরবরাহ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা সামগ্রিকভাবে বৃদ্ধি পাওয়ায় এবং যেহেতু এই এই হোটেল কর্মীরা প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদান করে, গভর্নর 1B টিকা অগ্রাধিকার গ্রুপে হোটেল কর্মীদের যুক্ত করার নমনীয়তা প্রদান করছেন।

"একদিনে প্রায় 140,000 টিকাদান আমাদের চলমান প্রচেষ্টার একটি প্রধান মাইলফলক, বিশেষ করে যে সব সম্প্রদায় COVID দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের মধ্যে যোগ্য নিউ ইয়র্কবাসীদের সরাসরি এই টিকা পাওয়া নিশ্চিত করার ক্ষেত্রে," **গভর্নর কুওমো বলেন।** "যদিও, আমরা সংক্রমণের হার কমিয়ে রাখা এবং টিকা দেওয়ার মধ্যে এখনো একটি ফুটরেসে আছি। যদিও সংক্রমণের হার আমাদের আচরণের একটি ফাংশন, টিকাকরণের হার সরাসরি সরবরাহের সাথে বাঁধা এবং এই মুহূর্তে এই টিকার চাহিদা এখনো আমাদের সরবরাহকে ছাড়িয়ে গেছে। যত তাড়াতাড়ি সম্ভব ডোজ পাঠাতে আমরা আমাদের ফেডারেল পার্টনার এবং বিশাল টিকা বিতরণ নেটওয়ার্কের সাথে কাজ চালিয়ে যাব - অসহায় এবং অনগ্রসর সম্প্রদায়ের উপর মনোযোগ প্রদানের মাধ্যমে- এবং যত দ্রুত সম্ভব এবং ন্যায্যভাবে হাতে টিকা দেওয়া হবে।"

গভর্নর স্পিকার হেস্টি, সিনেটর জামাল বেইলি এবং ব্রঙ্কসের অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের স্বাক্ষরিত একটি চিঠি পেয়েছেন যাতে বলা হয়েছে যে ব্রঙ্কস শহরের অন্যান্য বরোর তুলনায় টিকার ন্যায্য অংশ পাচ্ছে না। টিকায় সমতা নিউ ইয়র্ক রাজ্যের জন্য অগ্রাধিকার এবং গভর্নর একমত যে ব্রঙ্কসের বরাদ্দ কম। গভর্নর বিশ্বাস করেন যে এটা বিশেষভাবে অন্যায় কারণ ব্রঙ্কসে নিউ ইয়র্ক শহরের সর্বোচ্চ COVID ইতিবাচক হার আছে। ইয়াঙ্কি স্টেডিয়ামের বরাদ্দ (যা একটি যৌথ রাষ্ট্র এবং শহর সাইট) বৃদ্ধি করা উচিত এবং উত্তর ব্রঙ্কসে একটি দ্বিতীয় সাইট যোগ করা উচিত। এই বৈষম্য অবিলম্বে মোকাবেলা করা নিশ্চিত করতে স্বাস্থ্য বিভাগ নিউ ইয়র্ক সিটি হেল্থ ডিপার্টমেন্টের সাথে কাজ করবে।

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। নিউ ইর্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত সমস্যা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারবেন যে তারা যোগ্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ দুপুর 1:00টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যার ভিত্তিতে ডেটার তালিকা নিম্নরূপ। সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা

হয়েছে। নিচে বরাদ্দের মোট সংখ্যা সপ্তাহ 11 এর বরাদ্দের 33 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারীর সাইটে বিতরণ করা শেষ হবে।

রাজ্যব্যাপী বিশদ তথ্য

প্রাপ্ত প্রথম ডোজ - 2,942,765
প্রদান করা প্রথম ডোজগুলি - 2,674,839; 91%
প্রাপ্ত মোট ডোজ - 4,761,410
প্রদান করা দ্বিতীয় ডোজ - 4,170,422

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)	প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)	মোট ডোজের % যা প্রদান করাপ্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)
Capital Region	296,115	264,755	89%
Central New York	254,125	227,415	89%
Finger Lakes	293,585	267,051	91%
Long Island	616,440	519,509	84%
Mid-Hudson	466,180	382,839	82%
Mohawk Valley	143,680	118,110	82%
New York City	2,057,105	1,802,641	88%
North Country	154,555	144,974	94%
Southern Tier	157,120	145,485	93%
Western New York	322,505	297,643	92%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	4,761,410	4,170,422	88%

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 - 12/20	163,650	0	163,650	163,650

সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8: ডোজ আসছে	321,850	220,720	542,570	3,343,625

02/01 – 02/07				
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10: ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11: ডোজ আসছে 2/22 – 2/28*	129,865	100,905	230,770	4,761,410

***এই সংখ্যা 11 সপ্তাহের বরাদ্দের 33 শতাংশ প্রতিনিধিত্ব করে। 28 ফেব্রুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 11এর বরাদ্দকরণ আসবে বলে আশা করা হচ্ছে।**

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 91 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন
833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা

STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন